# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**25 SEPTEMBER 2025** **7:45—7:55 PM**

---

১) বিশিষ্ট সংগীত শিল্পী জুবিন গার্গের অকাল মৃত্যুর ঘটনা সম্পর্কে এস আইটির আজ তিনটি পৃথক স্থানে প্রারম্ভিক তদন্ত।

২) জুবিন গার্গের মৃত্যু ঘটনার উচ্চ পর্যায়ের তদন্ত চেয়ে আজ দুটি সংগঠনের গৌহাটী হাইকোর্টে জনস্বার্থজড়িত আবেদন দাখিল।

৩) আগামীকাল সকাল ৮ টা থেকে বিটিসির ৪০ টি আসনের ভোটগণনা ।

এবং

৪) শ্রীভূমি জেলায় শারদীয় দূগোৎসব সুষ্ঠু ও শান্তিপূর্নভাবে সম্পন্ন করতে জেলা পুলিশ প্রশাসনের যানাবাহন চলাচলের ক্ষেত্রে নির্দেশিকা জারি ।

------------------------------------------------------------------------------------

জনপ্রিয় শিল্পী জুবিন গার্গের অকাল মৃত্যুর ঘটনার তদন্তের জন্য রাজ্য সরকারের গঠন করা বিশেষ অনুসন্ধানকারী গোষ্ঠি এস আই টির একটি দল আজ নর্থ ইষ্ট ফেষ্টিভেলের আয়োজক শ্যামকানু মহন্তের গুয়াহাটী গীতানগরের বাসভবনে প্রাথমিক তদন্ত চালায় । এস আই টি দলটি আজ জুবিন গার্গের সহযোগি শেখর গোস্বামীর বাসগৃহে গিয়েও প্রাথমিক তথ্য আহরণ করে । সি আই ডি আজ জুবিন গার্গের ম্যানেজার সিদ্ধার্থ শর্মার বাসগৃহেও অভিযান চালায় ।এদিকে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা প্রয়াত শিল্পীর সাথে সংঘঠিত দূর্ভাগ্যজনিত ঘটনার সঙ্গে জড়িত যেকোন বিশ্বাসযোগ্য তথ্য কারোর হাতে থাকলে তা সি আই ডির কাছে প্রেরণ করআর আহ্বান জানিয়েছেন । এই ধরণের তথ্য digp-cid@assampolice.gov.in এ মেইল যোগে প্রেরণ করা যাবে ।

------------------------------------------------------------------------------------

বিশিষ্ট সংগীত শিল্পী জুবিন গার্গের মৃত্যুর ঘটনার উচ্চ পর্যায়ের তদন্ত চেয়ে আজ আসাম পাব্লিক ওয়ার্কস ও আসাম জাতীয়তাবাদী যুব ছাত্র পরিষদ নামের সংগঠন দুটি গৌহ্যাটী হাই কোর্টে এক জনস্বার্থজড়িত আবেদন দাখিল করে ।আসাম পাব্লিক ওয়ার্কসের সভাপতি অভিজিত শর্মা ও আসাম জাতীয়তাবাদী যুব ছাত্র পরিষদের প্রাক্তন উপ সভাপতি পলাশ রঞ্জন বরুয়া আবেদন দাখিল করেন । এই আবেদনের শুনানি ১০ ই নভেম্বর গ্রহণ করা হবে বলে প্রবীন আইনজীবি কমল নয়ন চৌধুরী জানিয়েছেন । উল্লেখ্য এই ঘটনার তদন্ত চেয়ে হাইকোর্টে এপর্যন্ত তিনটি আবেদন দাখিল হয়েছে ।এছাড়া এই ঘটনার তদন্ত চেয়ে একজন আইনজীবির দাখিল করা অন্য আরেকটি জনস্বার্থজড়িত আবেদন গৌহাটী হাইকোর্ট গতকাল গ্রহণ করেছিল । আগামী ৮ ই নভেম্বর এই আবেদনটি শুনানির জন্য তালিকাভুক্ত করতে হাই কোর্ট নির্দেশ দিয়েছে ।অবশ্য কোণো ব্যাক্তিগত স্বার্থে যদি এই আবেদন দাখিল করা হয়ে থাকে তাহলে আবেদনকারীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহন করা হবে বলে আদালত সতর্ক করে দিয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

বিটিসি পরিষদীয় নির্বাচনের ভোটগনণা আগামীকাল সকাল ৮ টা থেকে শুরু হবে ।৪০ টি পরিষদীয় আসনের জন্য অনুষ্ঠেয় এই ভোটগণনা প্রক্রিয়া শান্তিপূর্নভাবে সম্পন্ন করার জন্য বিটিআরের জেলাগুলির প্রশাসন প্রস্তুত হয়ে উঠেছে । প্রশাসনের স্থাপন করা ষ্ট্রংরুমগুলিতে বেলট বাক্সগুলি কঠোর নিরাপত্তা ব্যবস্থার মধ্যে রাখা হয়েছে । এই ভোটগণনার মাধ্যমে ৩১৬ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করা হবে । উল্লেখ্য গত ২২ শে সেপ্টেম্বর বিটিসি পরিষদীয় নির্বাচনের ভোটগ্রহণে ৭৮ দশমিক ৪-২ শতাংশ লোক ভোটদান করেছিলেন ।

-----------------------------------------------------------------------------------------

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন আজ পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের জন্মবার্ষিকীতে তার প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেছেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় উপরাষ্ট্রপতি বলেছেন যে পন্ডিত দীনদয়াল উপাধ্যায় অতি সাধারণ জীবন যাপন করতেন এবং মৃত্যুর সময় তার হাতে শুধু ৫ টাকা ছিল । পন্ডিতজী সংস্কৃত সমৃদ্ধ তথা মানবতায় পূর্ন এক ভারতের স্বপ্ন দেখেছিলেন ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের জন্ম বার্ষিকীতে তার প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে বলেন যে তিনি ভারত মাতার সুযোগ্য সন্তান ও একাত্ম মানবতা বোধের পোষক ছিলেন । এক বার্তায় শ্রীমোদী বলেন যে সমৃদ্ধির দিকে দেশকে এগিয়ে নিয়ে যাওয়া তার জাতীয়তাবাদী ধ্যান ধারণা তথা অন্ত্যোদয়ের মূল মন্ত্র , সমৃদ্ধশালী

ভারত নির্মাণের যাত্রায় গুরুত্বপূর্ন হয়ে থাকবে । কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী  অমিত শাহ আজ ভারতীয় জনসংঘের প্রতিষ্ঠাপক পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের জন্মবার্ষিকীতে তার প্রতি শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করেন ।

---------------------------------------------------------------------------------------

পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের  জন্মবার্ষিকী উপলক্ষে আজ শ্রীভূমি জেলা বিজেপি কার্যালয়ে এক সভা অনুষ্ঠিত হয় । সভায় দীনদয়াল উপাধ্যায়ের জীবনের  বহু উল্লেখযোগ্য দিক নিয়ে আলোচনা করে তার প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয় ।সভায় রাজ্যসভার প্রাক্তন সাংসদ মিশন রঞ্জন দাস  , জেলা বিজেপি সভাপতি সঞ্জীব  বনিক পৌরপতি রবীন্দ্র চন্দ্র দেব প্রমুখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায় আসন্ন শারদীয়া দূর্গা পূজা সুষ্ঠ ও শান্তিপূর্নভাবে সম্পন্ন করার জন্য পুলিশ প্রশাসনের পক্ষ থেকে যানবাহন চলাচলের ক্ষেত্রে কিছু নির্দেশিকা জানিয়ে দেওয়া হয়েছে । নির্দেশিকায় বলা হয়েছে যে আগামী ২৯শে সেপ্টেম্বর থেকে দোসরা অক্টোবর পর্য্যন্ত প্রতিদিন দুপুর দুটো থেকে শ্রীভূমি শহরে কোন ধরনের বানিজ্যিক যানবাহন প্রবেশ করতে পারবে না । পাশাপাশি ভারী , মধ্যম ও হালকা যাত্রী ও পণ্যবাহী যান শহরের উপকন্ঠে রাস্তার পাশে বা পূজা মন্ডপের সম্মুখে রাখতে নিষেধ করা হয়েছে । বদরপুরের দিক থেকে আসা সব ধরনের যান বাহন শ্রীভূমি বাইপাস দিয়ে পোয়ামারা , কানিশাইল পর্য্যন্ত চলাফেরা করতে পারবে । লক্ষীবাজারের দিক থেকে আসা যানবাহন সেন্ট্রাল ব্যাঙ্ক পর্য্যন্ত , ফকিরা বাজারের দিক থেকে আসা যানবাহন মাইজডিহি জিয়া টিম্বার এবং কর্ণমধুর দিক থেকে আসা যানবাহন লঙ্গাই সেতু পর্য্যন্ত চলাচল করবে । তবে বিশেষভাবে সক্ষম ব্যাক্তি ,বয়স্ক ব্যাক্তি ও রোগীরা ছোট গাড়ি নিয়ে শহরে প্রবেশ করতে পারবেন । যেকোন ধরনের অভিযোগ জানাতে পুলিশ কন্ট্রল রুম ৮০৯৯৬৬২২৭৫ নম্বরে যোগাযোগ করতে বলা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

শারদীয় দূর্গোৎসবের আর মাত্র কয়েকটি দিন বাকী থাকায় পূজো কমিটিগুলির প্রস্তুতি প্রায় চূড়ান্ত । ছোট বড় প্রায় প্রতিটি মন্ডপের সাজসজ্জা , প্রতিমায় শেষ তুলির টান দিতে কারিগড় ও মৃৎশিল্পীদের ব্যস্ততা চোখে পড়ার মতো ।এদিকে কাটলিছড়া এলাকায় ঐতিহ্যবাহী নিশিকান্ত দেব বাড়ির পূজো এবার ১২৫ বছরে পদার্পণ করেছে । ১৯০১ সালের বাংলাদেশের সিলেট জেলার কালাকোনা গ্রামে প্রথম এই পূজোর সূচনা হয় । পরবর্তীতে পরিবারের সদস্যরা ভারতে চলে এলে ১৯৭২ সাল থেকে কাটলিছড়ায় এই পূজো অনুষ্ঠিত হয়ে আসছে ।পূজোয় অন্যান্য আচার অনুষ্ঠান সহ সাংস্কৃতিক

অনুষ্ঠানের ও আয়োজন করা হয় ।তবে এই পূজোর অন্যতম বৈশিষ্ট হচ্ছে নৌকো টানা । দশমির শান্তির জল নেওয়ার আগে এই নৌকো টানার রেওয়াজ রয়েছে । যেখানে মাঝি ও সওদাগরের মধ্যে রশিকতার মাধ্যমে প্রশ্ন আদান প্রদান হয় ।

---

উত্তরপূর্ব সীমান্ত রেল যাত্রীদের সুবিধার্থে সাাইরাং - কলকাতা এক্সপ্রেস ট্রেনটি লালা বাজার এবং জামিরা ষ্টেশনে ষ্টপেজ দেওয়ার ব্যবস্থা গ্রহণ করেছে । আজ লালা বাজার ষ্টেশনে লামডিং থেকে আগত রেলের ডেপুটি কমার্শিয়েল ম্যানেজার সবুজ পতাকা নেড়ে ট্রেনটি রওয়ানা করেন । এ উপলক্ষে রেল বিভাগের ব্যবস্থাপনায় এক অনুষ্ঠানের আয়োজন করা হয় । এতে রেলের কর্মকর্তা ছাড়াও হাইলাকান্দির বিধায়ক জাকির হুসেন , রেলযাত্রী অধিকার সুরক্ষা সমিতির সভাপতি এবং আলগাপুর স্টেশন ডিমান্ড কমিটির মুখ্য আহ্বায়ক আব্দুল রহিম লস্কর প্রমুখ উপস্থিত ছিলেন ।অনুষ্ঠানে আলগাপুর ষ্টেশনে রাজধানী এক্সপ্রেস ছাড়া অন্যান্য দূরপাল্লার ট্রেনের ষ্টপেজ দেওয়া , শিলচর ভৈরবী রুটে এক জোড়া যাত্রীবাহী ট্রেন চালানো ইত্যাদি বিভিন্ন দাবী সম্মিলিত দুটি স্মারকপত্র কমার্শিয়েল ম্যানেজারের হাতে তুলে দেওয়া হয় ।

---

কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে জনস্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করতে এবং জেলার প্রতিটি নাগরিকের জন্য নিরাপদ পানীয় জলের সরবরাহ নিশ্চিত করতে জেলার সব হোটেল , রেস্তরা এবং অনুরূপ প্রতিষ্ঠানগুলিকে এখন থেকে মাসে একবার বাধ্যতামূলক পানীয় জলের মান পরীক্ষা করতে হবে । অতিরিক্ত জেলা ম্যাজিষ্ট্রেটের পক্ষ থেকে জানানো হয়েছে যে পানীয় জলের নমুনা জেলার জনস্বাস্থ্য ও কারিগরী বিভাগ বা তাদের অনুমোদিত পরীক্ষাগারে পরীক্ষার মাধ্যমে সম্পন্ন হবে । পরীক্ষায় পানীয় জলের ভৌত , রাসায়নিক এবং অণূজীব সংক্রান্ত মান যাচাই করা হবে । নির্দেশে আরো বলা হয়েছে যে নিয়ম না মানলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে জনস্বাস্থ্য আইন , খাদ্য সুরক্ষা আইন এবং অন্যান্য প্রাসঙ্গিক আইনের ধারায় ব্যবস্থা গ্রহন করা হবে ।

---

শিলচর লোক নির্মান বিভাগের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে শিলচর মেডিকেল কলেজ রোডের একটি অংশ সাময়িকভাবে বন্ধ থাকবে । বিজ্ঞপ্তী বলা হয়েছে যে মেহেরপুরের বেলতলা পয়েন্ট থেকে ঘুংঘুর দূর্গাপল্লী পর্য্যন্ত সড়ক আজ থেকে আগামী ২৭শে সেপ্টেম্বর পর্য্যন্ত প্রতিদিন রাত ৯টা থেকে সকাল ৬টা পর্য্যন্ত বন্ধ থাকবে । এই সময়ে অন্য দিকের অংশে যান চলাচল স্বাভাবিক থাকবে বলে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা সমাজ কল্যাণ বিভাগের উদ্যেগে জামিরায় আজ বেটি বাচাও বেটি পড়াও কার্যসূচী নিয়ে এক সচেতনতা শিবির অনুষ্ঠিত হয় । এতে বাল্য বিবাহ , পারিবারিক হিংসা , শিশুদের বিরুদ্ধে নানা অপরাধমূলক কার্যকলাপ প্রতিরোধ ইত্যাদি নিয়ে আলোচনা করা হয় ।এছাড়া মহিলাদের কল্যাণে গৃহীত বিভিন্ন সরকারি সুযোগ সুবিধা নিয়ে আলোচনা করা সহ মহিলাদের পরিষ্কার পরিচ্ছনতা স্বাস্থ্য সচেতনতা ইত্যাদি নিয়ে বিভিন্ন বক্তা বক্তব্য রাখেন । শিবিরে কর্মক্ষেত্রে মহিলাদের শারীরিক নির্যাতন প্রতিরোধী লিগ্যাল সেলের চেয়ারপার্সন মমতাজ বেগম বড়ভূইয়া , জেলা সমাজ কল্যাণ আধিকারিক মন্দির দাস প্রমুখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

আসন্ন শারদীয়া দূর্গাপূজা উপলক্ষ্যে বদরপুর প্রেস ক্লাবের উদ্যোগে আজ বদরপুরের দুস্থ লোকেদের মধ্যে বস্ত্র বিতরন করা হয়েছে । বস্ত্র বিতরন কার্য্যসূচীতে সমাজসেবী দীপক দেব , সুধাংশু রায় , নিজাম উদ্দিন প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

শিলচরের সম্মিলিত লোক পরিষদের উদ্যোগে গতকাল শিলচর সঙ্গীত বিদ্যালয়ের প্রেক্ষাগৃহে এক আগমনী অনুষ্ঠানের আয়োজন করা হয় । শিলচর রামকৃষ্ঞ মিশনের স্বামী বৈকুন্ঠানন্দজী মহারাজ প্রদীপ প্রজ্বোলন করে অনুষ্টানের সূচনা করেন । পরে সঙ্গীতালেখ্য উমা আইল নাইয়র ,সমবেত সঙ্গীত ,একক সঙ্গীত নৃত্য ইত্যাদি পরিবেশিত হয় ।

---------------------------------------------------------------------------------------